

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-03-2025

Time: 07:51-08:00 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে।

(২) এডিসি'র বাজেট অধিবেশন আজ থেকে শুরু হয়েছে।

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, "এক দেশ, এক রেশন কার্ড প্রকল্পের মাধ্যমে প্রতিটি ব্যক্তি খাদ্যের নিশ্চয়তা পেয়েছে।

Distribution of 475 Computers-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ আগরতলায় পঞ্চায়েত দপ্তর আয়োজিত পুরস্কার বিতরণ কর্মসূচী এবং ৪৭৫টি কম্পিউটারের আনুষ্ঠানিক বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন গ্রাম উন্নত হলে দেশ শক্তিশালী হবে সেটাই রাজ্য সরকারের মুখ্য উদ্দেশ্য।

#####Byte-CM#####

International Women's Day-Press Meet :

আগামীকাল আন্তর্জাতিক নারী দিবস। সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামীকাল নানা অনুষ্ঠানে এই দিবসটি উদযাপন করা হবে।

এবছরের আন্তর্জাতিক নারী দিবসের মূল ভাবনা “প্রত্যেক মহিলা এবং শিশুকন্যার জন্য অধিকার, সমতা ও ক্ষমতায়ন”।

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, এবছর আন্তর্জাতিক নারী দিবসের রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে আগামী ১৩ই মার্চ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

অনুষ্ঠানে মহিলা সিডিপিও, মহিলা আইসিডিএস-সুপারভাইজার এবং অঙ্গনওয়ারী ওয়ার্কারের মধ্যে যারা কর্মক্ষেত্রে বিশেষ অবদান রেখেছেন তাদের সন্মাননা জানানো হবে। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আগামীকাল আন্তর্জাতিক নারী দিবসে আগরতলায় এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে আগামীকাল সকালে আগরতলায় মহিলাদের রাজ্যভিত্তিক মিনি ম্যারাধন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

International Women’s Day–All India Radio :

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আজ আকাশবাণী আগরতলার উদ্যোগে একটি বিশেষ অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত নারীদের সন্মাননা প্রদান করা হয়। তারা হলেন পদ্মশ্রী স্মৃতি রেখা চাকমা, সংগীত নাটক একাডেমী পুরস্কার প্রাপ্ত তরুণা দেবর্মা, সাহিত্য একাডেমি পুরস্কার প্রাপ্ত এস গঙ্গীনি সিং প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন অনুষ্ঠান বিভাগের প্রধান জয়শ্রী দেবর্মা। সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন।

International Women’s Day–Women Commission :

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আগরতলায় এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা

হয়। অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ১০ জন মহিলাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা জানান, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে কমিশনের পক্ষ থেকে ৭ দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ADC :

এডিসি'র বাজেট অধিবেশন আজ থেকে খুমলুং-এর পরিষদীয় ভবনে শুরু হয়েছে। মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া আজ এডিসি'র অধিবেশনে ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ১৮৪০ কোটি ৬৫ লক্ষ ১১ হাজার টাকার বাজেট পেশ করেন। অধিবেশন শেষ হবে আগামী সোমবার।

Jan Ausadhi Diwas :

আজ জন ঔষধি দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন জন ঔষধি দিবস সুস্থ ভারত গঠনে মানুষকে উচ্চমানের ও স্বাস্থ্য মূল্যে ওষুধ সরবরাহের জন্য সরকারের প্রতিশ্রুতিকেই প্রতিফলিত করে। সামাজিক মাধ্যমে তিনি আরো বলেন, উন্নত মানের জন ঔষধি ওষুধ সাশ্রয়ী মূল্যে দেশের প্রত্যন্ত এলাকাতেও পৌঁছে যাচ্ছে।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা জনঔষধি দিবস উপলক্ষ্যে এক বার্তায় বলেছেন, প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিকল্পনার মাধ্যমে সরকার সবার কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনছে। এই উদ্যোগটি কেবল সাশ্রয়ী মূল্যের নয়, প্রতিটি ভারতীয়ের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়।

এদিকে, আগরতলায় আই.জি.এম হাসপাতালে আজ জনঔষধি দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

জন ঔষধি দিবস উপলক্ষ্যে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের এক বিশেষ আলোচনা শোনা যাবে আজ রাত ৯টা ২ মিনিটে।

PM- Silvasa :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, "এক দেশ, এক রেশন কার্ড প্রকল্পের মাধ্যমে, প্রতিটি ব্যক্তি খাদ্যের নিশ্চয়তা পেয়েছে। জল জীবন মিশন বিশুদ্ধ জল নিশ্চিত করেছে, পাশাপাশি ভারতনেট ডিজিটাল যোগাযোগ উন্নত করেছে। আজ সিলভাসায় ২ হাজার ৫৮০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস অনুষ্ঠানে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জনধন যোজনা প্রতিটি পরিবারকে ব্যাংকিং পরিষেবার সঙ্গে সংযুক্ত করেছে। এই প্রকল্পগুলির সাফল্য জনগণের মধ্যে আস্থা তৈরি করেছে।

#####Byte-PM#####

Police Football :

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতা আজ শেষ হয়েছে। ১২ দিন ব্যাপী জাতীয় এই আসরের শেষ দিনে উমাকান্ত মিনি স্টেডিয়ামে এক অনুষ্ঠানে পুরুষ ও মহিলা বিভাগের বিজয়ী দলগুলির অধিনায়কের হাতে ট্রফি তুলে দেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন।
